

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতি ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য জানানো যাচ্ছে যে, ছাগলনাইয়া উপজেলায় গত কয়েকদিনে করোনা ভাইরাস সংক্রমণে আক্রান্ত রোগীর সংখ্যা পরীক্ষান্তে বৃদ্ধি পেয়েছে। ফেনী জেলার অন্যান্য উপজেলার মত ছাগলনাইয়া উপজেলায় করোনা রোগী শনাক্ত হওয়ায় উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত বিষয়ে গুরুত্বারোপ করা হয় :

১. কঠোর স্বাস্থ্যবিধি মেনে সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত দোকান (ঔষধের দোকান ব্যতিত) খোলা রাখতে পারবে, ক্রেতাগণ মাস্ক বা সুরক্ষা সামগ্রী ব্যবহার না করলে লেনদেন বর্জন করতে হবে।
২. ঘরের বাইরে বের হওয়ার পূর্বে প্রত্যেক ব্যক্তিকেই বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করতে হবে।
৩. পার্শ্ববর্তী উপজেলার সাথে সীমান্ত যোগাযোগ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে। তবে দূরপাল্লার গাড়ি বা মালবাহী গাড়ি নিয়ম মেনে চলাচল করতে পারবে।
৪. সিএনজিতে ০২ (দুই) জনের বেশি যাত্রী বহন করা যাবে না। অবশ্যই যাত্রী ও চালক সুরক্ষা সামগ্রী ব্যবহার করতে হবে।
৫. রিক্সা ও মোটর সাইকেলে ০১ (এক) জনের অতিরিক্ত যাত্রী চলাচল করা যাবে না।
৬. পাবলিক বাস/অন্যান্য যানবাহনে প্রতি সিটে ০১ (এক) জনের বেশি (ধারণ ক্ষমতার অর্ধেকের বেশি) যাত্রী বহন করতে পারবে না এবং সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না।
৭. সকল অফিস সমূহ সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করতে পারবে।
৮. করোনায় আক্রান্ত ব্যক্তি বা করোনায় আক্রান্ত হয়ে মৃত ব্যক্তির পরিবারকে হয় প্রতিপন্ন না করে তাদের মানবিক দৃষ্টিতে দেখার জন্য সকলের প্রতি অনুরোধ করা হলো।



উপজেলা প্রশাসন, ছাগলনাইয়া, ফেনী।